

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাও, ঢাকা
ওয়েব সাইট: www.ecs.gov.bd

তারিখ: ১৬ জুন ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন নির্বাচন এবং এতদসংশ্লিষ্ট যে সকল আইন রয়েছে তার মৌলিক বিধানাবলি অক্ষুন্ন রেখে ইংরেজির পরিবর্তে বাংলা ভাষায় প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে The Representation of the people Order, 1972 এর Chapter VIA এর (Article 90A- 90I) এই আইনে না রেখে কমিশনের রাজনৈতিক দলসমূহের নিবন্ধন আইন, ২০২০ রূপে বাংলায় আইনের একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। একই সাথে বাংলা প্রণয়ন কালে ইংরেজি এবং বিদেশি শব্দের পরিবর্তে অধিকতর গ্রহণযোগ্য বাংলা পরিভাষা প্রতিস্থাপন করা হয়েছে। আইনটি চূড়ান্তকরণে রাজনৈতিক দলের এবং নাগরিকদের সুচিন্তিত মতামত প্রয়োজন।

নির্বাচন কমিশনের রাজনৈতিক দলের নিবন্ধন আইনের একটি খসড়া রাজনৈতিক দলসমূহের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়া আইনের খসড়াটি নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইট www.ecs.gov.bd এ প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে সুচিন্তিত মতামত আগামী ০৭ জুলাই ২০২০ তারিখের মধ্যে জ্যেষ্ঠ সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর ইমেইল (secretary@ecs.gov.bd) ঠিকানায় প্রেরণ করা যাবে।

এস এম আসাদুজ্জামান
যুগ্মসচিব (চ.দা.)
জনসংযোগ অধিশাখা